

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও সম্পূরক শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ১২ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/২৬ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৭৭-আইন/২০০৮/২২০৫/শুল্ক।— Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ২ চৈত্র, ১৪০৫ বঙ্গাব্দ মোতাবেক ১৬ মার্চ, ১৯৯৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৫৬-আইন/৯৯/ ১৭৮০/শুল্ক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের শর্ত (৭) এর প্রান্তস্থিত “;” (সেমিকোলন) এর পরিবর্তে “ঃ” (কোলন) প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্ন বর্ণিত শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-

“তবে শর্ত থাকে যে, ট্যাক্সিক্যাব হিসাবে রেজিষ্ট্রেশনকৃত কোন মোটর গাড়ী রেজিষ্ট্রেশনের তারিখ হইতে ন্যূনতম ৮ (আট) বৎসর ট্যাক্সিক্যাব হিসাবে চালানোর পর আমদানিকালে এই প্রজ্ঞাপনের আওতায় স্বাভাবিক শুল্ক-কর হইতে যে পরিমান শুল্ক-কর অব্যাহতি প্রদান করা হইয়াছিল সেই পরিমান শুল্ক-করের ২০% পরিশোধ করিয়া এই মর্মে সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্রের ভিত্তিতে ট্যাক্সিক্যাব হস্তান্তর, ও “ব্যক্তিগত গাড়ী” হিসাবে বিআরটিএতে পুনরায় রেজিষ্ট্রেশন, করা যাইবে।”

০২। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/১ জুলাই, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ আবদুল মজিদ)  
সচিব।